



বাংলাদেশ ব্যাংক  
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট

এসএফডি সার্কুলার নং- ০১

২৩ মার্চ ২০২৩

তারিখ: - - - - -

০৯ চৈত্র ১৪২৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**Bangla QR প্রচলনকে উৎসাহিতকরণ সংক্রান্ত ব্যয় CSR হিসেবে প্রদর্শন প্রসঙ্গে।**

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অনুযায়ী সিএমএসএমই, মাইক্রো-মার্চেন্ট ও স্বল্প আয়ের জনগণকে আর্থিক অন্তর্ভুক্তির আওতায় এনে ছোট-বড় সকল ব্যবসায়ীগণের লেনদেন প্রযুক্তিনির্ভর করণের মাধ্যমে ২০২৭ সালের মধ্যে দেশের সকল লেনদেনের ৭৫ শতাংশ অনলাইন বা ক্যাশলেস করার নিমিত্ত ‘ক্যাশলেস বাংলাদেশ ২০২৩-২০২৭’ উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তারই অংশ হিসেবে Bangla QR-এর মাধ্যমে জনসাধারণকে বিনামূল্যে পরিশোধ সেবা প্রদানের লক্ষ্যে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের এ সংক্রান্ত ব্যয় সিএসআর খাতে প্রদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

- ২। এ প্রেক্ষিতে ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ তাদের নিম্নোক্ত ব্যয়গুলো সিএসআর খাতে প্রদর্শন করতে পারবে:-
- Bangla QR-এর মাধ্যমে গৃহীত সকল পেমেন্ট-এর ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত হারে Merchant Discount Rate (MDR) ও Interbank Reimbursement Fee (IRF) সংক্রান্ত চার্জ;
  - ‘ক্যাশলেস বাংলাদেশ’ উদ্যোগের আওতায় ক্যাম্পেইন সংক্রান্ত যাবতীয় প্রচারণা, এর মাধ্যমে পরিচালিত কুরবানির হাটের যাবতীয় পেমেন্ট ও অবকাঠামো সংশ্লিষ্ট ব্যয়সমূহ এবং Bangla QR-এর প্রচার ও প্রসারে গৃহীত প্রচারণা সংক্রান্ত ব্যয়সমূহ।
- ৩। ‘ক্যাশলেস বাংলাদেশ’ উদ্যোগের আওতায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কর্মকর্তাগণের যাতায়াত ভাতা, থাকা-খাওয়া, হোটেল বিল ইত্যাদি বা যাতায়াত ভাতা হিসেবে গণ্য ব্যয়সমূহ সিএসআর ব্যয় হিসেবে প্রদর্শন করা যাবে না। শুধুমাত্র ‘ক্যাশলেস বাংলাদেশ’-এর উদ্যোগে যোগদানকৃত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ এ সুযোগ গ্রহণ করতে পারবে।
- ৪। অনুচ্ছেদ নং-২এ বর্ণিত ব্যয়সমূহ এসএফডি সার্কুলার লেটার নং:০১, তারিখ: ১০ এপ্রিল ২০২২-এর মাধ্যমে জারিকৃত রিপোর্টিং ফরম্যাটের অন্যান্য খাতে প্রদর্শনের পরামর্শ দেয়া হলো। অধিকন্তু, আলোচ্য ব্যয়সমূহের তথ্য ষাণ্মসিক ভিত্তিতে পেমেন্ট সিস্টেমস ডিপার্টমেন্ট বরাবরেও প্রেরণ করতে হবে।

আপনাদের বিশ্বস্ত,

(চৌধুরী লিয়াকত আলী)  
পরিচালক(এসএফডি)

ফোন - ৯৫৩০৩২০

ইমেইল: [gm.sfd@bb.org.bd](mailto:gm.sfd@bb.org.bd)  
[chowdhury.ali@bb.org.bd](mailto:chowdhury.ali@bb.org.bd)